

Translation:
Paragraph Type from BANK's
Previous Years' Written Question

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদপ্তরের প্রভাষক (শিল্প সম্পর্ক শিক্ষায়তন)

একদিন সন্ধ্যায় আমি বুড়িগঙ্গা নদীর ধারে একা হাঁটছিলাম। হঠাৎ দেখি আমার ছোট বোন নওরীন আমার দিকে ছুট আসছে। নওরীনের বয়স মাত্র ছ'বছর। আমার কাছে এসেই সে কেঁদে ফেলল। বলল, “তুমি আমাকে সূর্য অস্ত যাবার আগে ডাকলে না কেন?”

অনুবাদঃ

I was walking lonely on the bank of the river Buriganga one evening. Suddenly I saw that my younger sister Nawrin was running towards me. Nawrin is only of six years old. No sooner had she come to me than she cried. She said, “Why didn't you call me before the sun sets?”

LearnEng with Shahan
Your English Planet

IBBL AO (G-3) -2013

কাঁটা তারের বেড়া নেই। খুঁটি কিংবা সীমানা পিলার খুঁজতে চাইলেও লাভ নেই। দেখা মিলবে না কোনটারই। তারপরও মানুষগুলো চারদিক থেকে বন্দী। চাইলেই যখন-তখন যেভাবে খুঁশি বের হবার উপায় নেই।

অনুবাদঃ

There is no iron fence. It is also futile to find thumb or boundary pillar. None of these can be found. Even though the men are in captive with all sides. Even you wish. So, there is no way to go outside now and then.

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি. (সিনিয়র অফিসার)-২০১৮

দেশের লোককে দোষ দিই নে। সত্য কথাও খামকা শুনলে রাগ হতে পারে। অন্যমনস্ক মানুষ যখন গর্তের মধ্যে পড়তে যাচ্ছে তখন হঠাৎ তাকে টেনে ধরলে সে হঠাৎ মারতে আসে। যেই, সময় পেলেই, দেখতে পায় সামনে গর্ত আছে, তখন রাগ কেটে যায়। আজ সময় এসেছে, গর্ত চোখে পড়েছে, আজ আর সাবধান করবার দরকারই নেই।

অনুবাদঃ

We don't blame the people of the country. We can get angry if we hear the truth all on a sudden. When an unmindful person is about to fall into a hole, he suddenly becomes ready to beat when his is drawn back by anyone. As soon as he sees there is a hole in front of him, his anger vanishes. Today time has come; eyes are on holes, so it is not necessary to make somebody aware any more.

১৩শ বিজেএস (সহকারী জজ)

জাতি শুধু বাইরের ঐশ্বর্যঃ সম্ভার, দালানঃ কোঠার সংখ্যা বৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরায়েয়তায় বড় হয় না; বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায় আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ ছাড়া জাতীয় সত্তার ভিত কখনো শক্ত আর দুর্মূল্য হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লেই তবে জাতি অর্জন করে মহত্ত্ব, আর মহৎ কর্মের যোগ্যতা। সব রকমের মূল্যবোধের বৃহত্তম বাহন ভাষা তথা মাতৃভাষা, আর তা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব লেখক ও সাহিত্যিকদের।

অনুবাদঃ

The nation does not thrive on only increasing the number of external riches, wealth, building & establishments or impregnability of military power. They mature in the power of the heart, the moral consciousness and in the ability to struggle against the wrongs betting their life. The basement of a national entity can never be stronger and more precious without the values of life. If the values are spread throughout the nation through living conditions, then the nation gains greatness and the merits of noble deeds. The responsibility of literary writers is to spread the language, the mother tongue, the largest hotspot of all forms of the values.

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-২০১৬

রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, 'শিক্ষা হলো এক টুকরা হীরা এবং সংস্কৃতি হলো এর বিচ্ছুরিত আলো।' তাই একজন শিক্ষিত লোকের সভ্যতা হওয়া উচিত। জনগণকে যথাযথ ধারণায় সভ্য হতে হবে এবং সংস্কৃতি শব্দটা বিশাল। এটি সঙ্গীত, সাহিত্য, নাটক এবং চারুকলায় অন্যান্য অংশ ধারণ করে আছে। দেশের আসল চিত্র তার সংস্কৃতিতেই প্রকাশ পায়। সংস্কৃতির কর্মক্ষেত্রে দেশীয় সংস্কৃতি খুব বড় ভূমিকা পালন করে। সভ্যতার উন্মেষ থেকে জীবনযাত্রা ও ভাবনার জগতে সংস্কৃতির একটি গৌরবান্বিত এবং অনন্য ইতিহাস রয়েছে। এটা অপার্থিব, দার্শনিক এবং চিন্তা ও চেতনার জগতে বিগ্নমুক্ত আত্মত্যাগী। সংস্কৃতি মানুষের জীবনযাত্রা ও শিক্ষার প্রতিফলন করে। কুটির শিল্প, সঙ্গীত, নৃত্য, লোকসঙ্গীত এবং বিভিন্ন রকমের বাদ্যযন্ত্র তৈরির দক্ষতার প্রতি মানুষের সৃষ্টিশীল উদ্যম সমৃদ্ধ করে। বাংলাদেশের সংস্কৃতি আমাদের ধর্মীয় বিশ্বাস প্রতিফলিত করে যা আমরা আমাদের পূর্বপুরুষের কাছ থেকে উত্তরাধিকার সূত্রে পেয়েছি। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ এবং ১৯৫২ সালের ভাষা আন্দোলন আমাদের সংস্কৃতির ইতিহাসের গৌরবান্বিত উজ্জ্বল দিক। যদিও অর্থনৈতিকভাবে জাতি হিসেবে আমরা দারিদ্র্য, এর একটি দিক অর্থপূর্ণ সংগ্রামের মাধ্যমে বেঁচে থাকার ঔজ্জ্বল্য আছে।

অনুবাদঃ

Rabindranath Tagore says, 'Education is a piece of diamond and culture is a dispersed light of it'. A man of education must be civilized. People should be civilized on proper sense and culture should be built in the frame of our tradition. The term 'culture' is vast. It includes music, literature, drama and other segments of fine arts. Real picture of a country evolves in its culture. Ethnic culture plays a vital role in the field of cultural activities. From the very beginning of civilization there is a significant history of culture in the field of lifestyle and thought. It is unearthly, philosophic and self-denying in the world of thinking and spirit. Culture reflects the lifestyle and education of human being. It increases people's creative enthusiasm to cottage industry, music, dance, folk song and skill to make many musical instruments. The Culture of Bangladesh reflects our religious belief which we have inherited from our ancestors. Liberation war of 1971 and the language movement of 1952 are the most glorified side of our history of culture. Though we are a poor nation economically, it has a glory of living with meaningful struggle.

১০ম বিজেএস (সহকারী জজ)

রতন আর কোন কথা জিজ্ঞাসা করিলনা। পোস্টমাস্টার আপনিই তাহাকে বলিলেন, তিনি বদলির জন্য দরখাস্ত করিয়াছিলেন, দরখাস্ত নামঞ্জুর হইয়াছে। তাই তিনি কাজে জবাব দিয়া বাড়ি যাইতেছেন। অনেক্ষণ কেহ কোন কথা কহিল না। মিটমিট করিয়া প্রদীপ জ্বলিতে লাগিল এবং একস্থানে ঘরের জীর্ণ চাল ভেদ করিয়া একটি মাটির সরার উপর টপটপ করিয়া বৃষ্টির জল পড়িতে লাগিল। কিছুক্ষণ পর রতন আস্তে আস্তে উঠিয়া রান্নাঘরে রুটি গড়িতে গেল। অন্যদিনের মত তেমন চটপট হইলনা। বোধকরি মধ্যমধ্যে মাথায় অনেক ভাবনা উদয় হইয়াছিল। পোস্টমাস্টারের আহার শেষ হইলে বালিকা হঠাৎ তাহাকে জিজ্ঞাসা করিল, “দাদাবাবু, আমাকে তোমার বাড়ি নিয়ে যাবে?”

অনুবাদঃ

Ratan did not ask any more questions. The postmaster himself told him that he had applied for transfer, but the application was rejected. Thus, he is going home after finishing his work. No one ever said any words. The lamp flickered and Raindrops fell on the Clay pot through a dilapidated roof at one place in the room. After a while Ratan got up slowly and went to the kitchen to make bread. It did not get as sharp as the other day. I think sometimes a lot of thoughts have arisen on his head. When the postmaster had finished eating, the girl suddenly asked him, Brother, will you take me to your house?

১১শ বিজেএস (সহকারী জজ)

অকস্মাৎ ইন্দ্র সোজা হইয়া দাঁড়াইয়া কহিল, “আমি যাব”। আমি সভয়ে তাহার হাত চাপিয়া ধরিলাম-“পাগল হয়েছ ভাই”। ইন্দ্র তাহার জবাব দিল না। একটা বড় ছুরি পকেট হইতে বাহির করিয়া বাঁ হাতে লইয়া কহিল, “তুই থাক, শ্রীকান্ত। আমি না এলে ফিরে বাড়িতে খবর দিস-আমি চললুম।” তহার মুখ পান্ডুর, কিন্তু চোখ দুটি জ্বলিতে লাগিল। তাহাকে আমি চিনিয়াছিলাম। আমি নিশ্চয়ই জানিতাম, কোন মতেই তাহাকে নিরস্ত করা যাইবে না সে যাইবেই।

অনুবাদঃ

Suddenly, Indra stood up and said, “I will go.” I clenched his hand with fear and I said, are you mad!-Indra did not reply. He elicited machete from his pocket and take it to the left hand, said- "stay here, Srikanta." "If I don't come back, then report it at home. I went out." His face is purple; But the eyes twinkled. I recognized him. I certainly knew that he would not be stopped in any case, he would go.

Rupali Bank Ltd. (Officer-Cash)-2018

বাংলা পঞ্জিকার প্রথম মাস বৈশাখ। ‘পয়লা বৈশাখ’ থেকেই সূচিত হয় বাংলা ‘শুভ নববর্ষ’। আবহমান কাল ধরে এ দিনটিকেই বাংলাদেশের মানুষ খুব উৎসবমুখর পরিবেশে পালন করে আসছে। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে নববর্ষ উদযাপিত হয়। বাঙালি মেয়েরা ঐতিহ্যবাহী পোশাক শাড়ি, ছেলেরা পাজামা-পাঞ্জাবি পরিধানের মধ্য দিয়ে দিনটি পালন করে। শিশু-কিশোররাও নানা অনুষ্ঠানে অংশগ্রহণ করে। প্রতিটি পরিবারই তাদের সামর্থ্য অনুযায়ী নতুন বছরের প্রথম দিনে ভালো খাবার খায় এবং নিজেদের সংস্কৃতি ও কৃষ্টিকে সমুন্নত রাখার চেষ্টা করে।

অনুবাদঃ

The first month of Bangla calendar is Boishakh. Bangla 'Shovo Boboborsho' is introduced from Pohela Boishakh. From the immemorial the people of Bangladesh has been celebrating this day in very festive environment. Boboborsho is celebrated with the participation of all classes and professions of people irrespective of caste creed and colour. Bengali women through wearing the traditional saris and men through wearing pajama and Panjabi celebrate this day. Even the children and the youth participate in different occasions. Every family according to their ability takes good food on the first day of the new year and tries to uphold their culture and customs.

Modhumoti Bank Ltd. (PO)-2017

জীর্ণ-পুরোনোকে বিদায় জানিয়ে বাংলার ঘরে ঘরে বাংলা নববর্ষ আসে নতুন আশা, নতুন স্বপ্ন, নতুন প্রত্যয় নিয়ে। এ উৎসবের সর্বজনীনতা অসাধারণ। পৃথিবীতে প্রচলিত অধিকাংশ বর্ষপঞ্জির উৎপত্তি কোনো না কোনো ধর্মের সঙ্গে সম্পর্কিত, কিন্তু বাংলা নববর্ষের সঙ্গে ধর্মীয় অনুসঙ্গ নেই। কৃষিকাজ ও খাজনা সংগ্রহের ব্যবস্থাকে কেন্দ্র করেই এর প্রচলন। পরে যুক্ত হয় ব্যবসা-বাণিজ্যের দেনা-পাওনার হিসাব মেটানো বা হালখাতার বিষয়। এখন পয়লা বৈশাখ সব বাঙালির সর্বজনীন সাংস্কৃতিক আনন্দ-উৎসব। ধর্ম-সম্প্রদায় নির্বিশেষে বাংলা ভূখণ্ডের সব মানুষের প্রাণের উৎসব বাংলা নববর্ষ। ষাটের দশকে রমনা বটমূলে সূচিত ছায়ানটের বর্ষবরণ উৎসব বাঙালির আত্মপরিচয়ের আন্দোলন-সংগ্রামকে বেগবান করেছে।

অনুবাদঃ

Seeing off old and obsoletes, Bangla new year comes to the doors with new hopes, new dreams and determination. The cosmopolitan of this occasion is extra ordinary. Origin of the most prevailing calendar in the world is somehow related to religion, but there is no religious breccorrelation of Bangla new Year. It becomes prevalent depending on agronomics and collection of levy. Afterwards arrears of businesses and opening new books is added to it. Now it is the universal and cultural enthusiasm of all Bangalee people. Religious groups indiscriminately all people's soul occasion. Occasion which was introduced at Raman Botmul in sixties expedient the Bangalees movement of self-revelation.

Pubali Bank Ltd. (TAT)-2017

সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়। শিক্ষার আলো আমাদের অজ্ঞানতার অন্ধকার দূর করে। আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরও সুন্দর হয়ে ওঠে। আমরা জীবনের নতুন অর্থ খুঁজে পাই; শিক্ষার আলো পেয়ে আমাদের ভেতরের মানুষটি জেগে ওঠে। আমরা বড় হতে চাই, বড় হওয়ার জন্য চেষ্টা করি। আমরা সুন্দর করে বাঁচতে চাই, বাঁচার মতো বাঁচতে চাই। আর সুন্দর করে বাঁচতে হলে চাই জ্ঞান। সেই জ্ঞানকে কাজেও লাগানো চাই। শিক্ষার ফলে আমাদের ভেতরে যে শক্তি লুকানো থাকে তা ধীরে ধীরে জেগে ওঠে। আমরা মানুষ হয়ে উঠি।

অনুবাদঃ

Sunlight puts darkness out of night. Light of education expels our gloom of ignorance. Surroundings become prettier in our sight. We discover new meaning of life; getting the light of education, our internal consciences wake up. We want to be great and try to achieve greatness. We want to live prettily and want to live as life goes. And knowledge is needed if we want to live prettily. And such knowledge is to be come into effect. Education stirs up our latent talents gradually. We evoke as human being.

Bangladesh Bank: (Cash Officer)-2017

মাতৃভাষা মানুষের সবচেয়ে প্রিয় এবং তা মনোভাব প্রকাশের জন্য সবচেয়ে বেশি উপযোগী। অন্য কোনো ভাষায় মনোভাব প্রকাশ করে পরিপূর্ণ আনন্দ পাওয়া যায় না। পৃথিবীতে ভাব প্রকাশ করার জন্য অসংখ্য ভাষার সৃষ্টি হয়েছে। প্রত্যেক জাতির মাতৃভাষার নিজস্ব একটা বেশিষ্ঠ আছে এবং মাতৃভাষার সঙ্গে এমন একটি আত্মিক সম্পর্ক থাকে যে, সেই ভাষাই তার মনোভাব প্রকাশের সর্বোত্তম বাহন হিসেবে বিবেচিত হয়। বিদেশি ভাষা কষ্টে আয়ত্ত করা গেলেও তার মর্ম যথার্থ উপলব্ধি করা যায় না এবং তাতে মনোভাব প্রকাশের যথেষ্ট অন্তরায় থাকে। তাই পৃথিবীতে অসংখ্য ভাষার মধ্যে মাতৃভাষাই সবচেয়ে আপন এবং মনোভাব প্রকাশের শ্রেষ্ঠ পন্থা। বাঙালিদের কাছে বাংলা ভাষাই মনোভাব প্রকাশের শ্রেষ্ঠ মাধ্যম। কারণ এটি বাঙালির মাতৃভাষা। বাঙালির রক্তে মাংসে মজ্জায় বাংলা ভাষা মিশে আছে। বাঙালিরা পরভাষা চর্চা করে বটে, কিন্তু বাংলাতেই তার যত স্বাচ্ছন্দ্য।

অনুবাদঃ

Mother tongue is the most favorite as well as suitable medium for anyone to express his/her outlook. Complete pleasure cannot be gained in any other language in terms of expressing feelings. There are innumerable languages for expressing attitude in the universe. Every language has a unique feature and every man has such a soulful relation to his/her mother tongue that this mother tongue is considered to be the best way of expressing outlook. Although a foreign language can be learnt hard, the proper meaning of it cannot be perceived. And there remains a big gap in the expression of outlook. So, mother tongue is the closed and best medium to express feelings among the Bengalis. Because it is the mother tongue of Bengali. Bangla is in every vein of the Bengali people. The Bengalis exercise other languages too but their more comfort lies in Bangla.

পূবালী ব্যাংক (জুনিয়র অফিসার-ক্যাশ)-২০১৬

ভাষা কেবল ভাব প্রকাশের বাহন নয়। আমাদের সকল অস্তিত্ব ও অনুভূতির সঙ্গে ভাষা মিশে আছে। আমাদের আবেগ, অনুভূতি, অনুরাগ ও বিদ্বেষ ভাষার মাধ্যমে প্রকাশ করে থাকি। নানা জাতির মনন, মেধা, তার ইতিহাস, ঐতিহ্য, তার সংস্কৃতি ও স্বাতন্ত্র্য ভাষার মাধ্যমে যুগপরাম্পরায় বাহিত ও অনুশীলিত হয়ে আসছে। সে-অর্থে ভাষা জাতির পরিচয় অভিন্ন। ১৯৫২ সনে আমাদের ভাষিক সত্তা অস্বীকার করার সঙ্গে আবহমান কাল ধরে চর্চিত আমাদের সংস্কৃতি ও স্বকীয় অস্তিত্বকে অস্বীকার করা হয়েছিল। কোন জাতিই তা সহ্য করতে পারে না। বাংলাদেশের মানুষও তা পারেনি। একুশে ফেব্রুয়ারি বুকের রক্ত দিয়েই আমরা প্রতিষ্ঠিত করেছি মাতৃভাষার অধিকার।

অনুবাদঃ

Language is not only the medium of expression but it is with our existence and feelings also. We express our emotion, feeling, devotion and envy through the language. Creativity, intellect, history, tradition, culture and identify of a nation have been conveying and practicing through the language of ages. In that sense, the language has the same identity as the nation. Our culture practical from time immemorial and individuality together with our language related to identify was denied in 1952. No nation can endure that policy. The people of our country could not endure that also. We have established the right of our mother tongue through sacrificing our blood on Ekushey February.

AB Bank-2015

পয়লা বৈশাখের দিনে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় প্রতিবছরের মতো এবারও বিপুলসংখ্যক নারী-পুরুষের সমাগম ঘটেছিল। কিন্তু নারীদের নিরাপত্তা নিশ্চিত করার কোন ব্যবস্থা সেখানে ছিল না, তা ওই দিন সন্ধ্যায় সোহরাওয়ার্দী উদ্যানের গেটের কাছে সংঘটিত ন্যাক্কারজনক ঘটনার মধ্য দিয়ে প্রমাণিত হয়েছে। পুলিশের বসানো সিসি ক্যামেরায় ধারণ করা ফুটেজে নারীদের লাঞ্চিত করার অন্তত ১০টি দৃশ্য ধরা পড়েছে, কিন্তু পুলিশকে ঘটনাস্থলে আসতে দেখা গেছে একদম শেষ পর্যায়ে। ফুটেজগুলো বিশ্লেষণ করে দেখা গেছে, অল্প কয়েকজন যুবক সংঘবদ্ধভাবে নারী নিপীড়নের ঘটনাগুলো ঘটিয়েছে প্রায় এক ঘন্টা ধরে। ওই সময় পুলিশ দ্রুতগতিতে ব্যবস্থা নিলে এসব অপরাধ ঠেকানো ও অপরাধীদের আটক করা সম্ভব হতো। অথচ নববর্ষের দুদিন আগে ঢাকা মহানগর পুলিশের মিডিয়া সেন্টারে নববর্ষের নিরাপত্তা নিয়ে আনুষ্ঠানিক সংবাদ সম্মেলন ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছিলেন, ‘পুরো এলাকা সিসি ক্যামেরার আওতায় থাকবে, যা ডিএমপির সদরদপ্তর থেকে মনিটর করা হবে।

অনুবাদঃ

A huge number of men and women came to Dhaka University area on Pahela Baishak in this year like every year. But there was no arrangement for security of the women what was proved by the degraded event which took place in the evening on that day near the gate of Sohrawardi Uddan. The CC camera inserted by the police could capture at least ten scenes of women's assault but the police were seen to come in the spot at the last moment. The analysis of the video footage has shown that some boys simultaneously made the occurrences of women assault for about an hour. It was possible to stop crime and arrest the criminals if the police would provide rapid response. But DMP Commissioner Asaduzzaman Mia said about the security of Noboborsho at a conference at Dhaka Mohanagar Police Media center two days ago of the Noboborsho, "the whole area will remain under the coverage of CC camera which will be monitored from the DMP Headquarter".

ন্যাশনাল ব্যাংক নিয়োগ পরীক্ষা-২০১৪

দুশ বছরের ঔপনিবেশিক ব্রিটিশ শাসনের পর ১৯৪৭ সালে বাঙালি জাতি আবার পাকিস্তানি শাসকদের শৃঙ্খলে আবদ্ধ হয়। ভাষা আন্দোলন থেকে ধাপে ধাপে মুক্তির পথ পেরিয়ে ১৯৭১ এ অর্জিত হয় চূড়ান্ত স্বাধীনতা। স্বাধীনতার পর অনেক বড় বড় অর্জনের পরও সমাজে বিদ্যমান তীব্র বৈষম্য আমাদের পীড়া দেয় ও বিবেককে দগ্ধ করে। মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রত করে বৈষম্যমুক্ত সমাজ প্রতিষ্ঠার জন্য আমাদের একযোগে লড়ে যেতে হবে-যে লড়াইয়ে যুবকদের হতে হবে কর্ণধার। একই সঙ্গে মুক্তিযুদ্ধের চেতনা সত্যিকার অর্থে প্রতিষ্ঠা করতে হলে প্রয়োজন দেশপ্রেমিক গণতান্ত্রিক শক্তির সংঘবদ্ধ প্রয়াস ও রাষ্ট্রীয় ক্ষেত্রে আন্তরিক পদক্ষেপ।

অনুবাদঃ

The Bengali nation is caught again in the chain of Pakistani has rulers in 1947 after colonial British rule of two hundred years. Real independence was achieved after overcoming the path of freedom step by since the language movement. Severe discrimination existing in our society makes us feel pain and a pang of conscience. Even after having great achievements since independence. Rousing the spirit of freedom fight we have to fight together for building discrimination free society the fight in which the young have to be the leader. At the same time combined efforts of patriotic democratic power and sincere steps in the arena of state affairs are required to establish the spirit of freedom fight truly.

পূবালী ব্যাংক, জুনিয়র অফিসার-২০১৪

বিশ্বব্যাপী ব্যাপক জনগোষ্ঠীর সরাসরি ও ব্যাপক মাত্রার অংশগ্রহণের ফলে অত্যন্ত দ্রুততার সাথে ইন্টারনেট ও ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব আজ গণযোগাযোগের ও সামাজিক মিথস্ক্রিয়ার অন্যতম প্রধান প্ল্যাটফর্মে পরিণত হয়েছে। নয়া গণমাধ্যমে জনগণের অংশগ্রহণ একটি নির্দিষ্ট প্রযুক্তির উপর নির্ভর করে যা প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়া থেকে ভিন্ন। ইন্টারনেটে জন রীর অংশগ্রহণের ধরণ দেখে একটি সহজ অনুমান করা যায় যে, অদূর ভবিষ্যতে ইন্টারনেট ও ওয়েব হয়ে উঠবে গণমাধ্যমের আধেয় ব্যবহারকারীদের মিথস্ক্রিয়ার একমাত্র ক্ষেত্র। এই ধরণের অনুমতির পেছনে অবশ্যই কিছু সুনির্দিষ্ট কারণ রয়েছে যা গণমাধ্যমের ছাত্র-শিক্ষক, গবেষক, তাত্ত্বিক, এমনকি সাধারণ মানুষদেরও অজানা নয়। আর সেটি হচ্ছে এটি কম ব্যয়বহুল, সহজ, দ্রুত প্রবেশযোগ্য এবং অতিমাত্রায় তথ্য সমৃদ্ধ। এছাড়া এটি বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা সমমনা সকল মানুষকে এক প্ল্যাটফর্মে দাঁড়ানোর সুযোগ এনে দিয়েছে।

অনুবাদঃ

As a result of direct and extensive participation of vast population worldwide, the Internet and worldwide web have now very M.2 rapidly become one of the major platforms for mass-communication diw and social interaction. Participation of people in this new mass media not depends on a specific technology which is different from print and anw electronic media. Seeing the way people participate on the internet. It Boile can easily be assumed that in near future internet and web will become gave the only field for social interaction among the users of mass media. InsbrThere must be some specific reason for such as assumption which are 0 not unknown to students and teacher, researchers, theorist and even to ooo the mass people. And that reason is that it is less expensive, easily and abyquickly accessible and highly informative. Moreover, it has brought an opportunity for all the people of the word to stand on one platform.

প্রবাসী কল্যাণ ব্যাংক, ২০১৪

১৯৭১ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন প্রাঙ্গণে এক ঐতিহাসিক সভায় প্রথম স্বাধীন বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল পৌনে দশটায় তৎকালিন ডাকসু ভিপি আ স ম আবদুর রব সর্ব প্রথম লাল-সবুজ জমিনের পটভূমিতে লাল সূর্যের বৃত্তের সোনার বাংলার মানচিত্র সংবলিত বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন। ৩ মার্চ বিকেলে পল্টন ময়দানের এক বিশাল জনসভায় ৭ মার্চ পর্যন্ত আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হয়। এদিন পল্টন ময়দানের সমাবেশে স্বাধীন বাংলাদেশের ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক প্রচারিত ঘোষণাপত্র রবীন্দ্রনাথের 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' গানটিকে স্বাধীন বাংলাদেশের জাতীয় সঙ্গীত ঘোষণা করা হয়। ৭ মার্চ রেসকোর্স ময়দানের জনসমুদ্রে বঙ্গবন্ধুর ভাষণের মধ্য দিয়ে সমগ্র বাংলাদেশে শুরু হয়ে যায় সম্পূর্ণ অসহযোগ আন্দোলন।

অনুবাদঃ

National Flag of independent Bangladesh was hoisted for the first time in a historical meeting at the Arts Building premises of Dhaka University on 2nd March 1971. The then DUCSO VP A.S.M Abdur Rob for first time hoisted the national flag of Bangladesh with a map of Sonal Bangla in red colour circle on the context of red-green land at 9.45 am. The schedule of movement from 3 to 7th March was declared in the evening of 3rd March in a big mass gathering at Palton Moydan. That day, 'Amar sonar Bangla, ami tomay valobais' a song of Rabindranath was declared as the national anthem of independent Bangladesh in the mass gathering of Palton Moydan. A non co operation movement started completely through the historical speech of Bangabondhu before the massive gathering in Race Course Moydan on 7th March.

[Rupali Bank Ltd. Officer-2013]

বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে অন্যতম প্রতিশ্রুতিশীল ও সুসংগঠিত প্রতিষ্ঠান হচ্ছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)। দিন দিন আমাদের দেশের ইন্টারনেট ব্যবহারকারী বেড়েই চলেছে। এই ইন্টারনেট সবাই যাতে ইতিবাচক হিসেবে ব্যবহার করে, সে ক্ষেত্রে বেসিস অসামান্য ভূমিকা পালন করতে পারে। সম্প্রতি দেশের মুঠোফোন অপারেটরগুলো থ্রিজির লাইসেন্স পেয়েছে। এটা আমাদের দেশের তথ্যপ্রযুক্তির জন্য এক বড় মাইলফলক হিসেবে বিবেচিত হয়েছে। কারণ, ইন্টারনেটের ধীরগতি এটা ব্যবহার করতে অনেক সমস্যার সৃষ্টি করত। দেশের আনাচে কানাচে সবার মধ্যে তথ্যপ্রযুক্তির আলো ছড়িয়ে দিতে একটি সুসংগঠিত সংগঠন হিসেবে বেসিসকে আরও বলিষ্ঠ ভূমিকা রাখতে হবে।

অনুবাদঃ

Bangladesh Association of Software and Information Services (BASIS) is one of the promising and well-established organizations in the information and technology sector of Bangladesh. The users of internet of our country are continuing to increase day by day. BASIS can play an important role in such a way that everybody can use it positively. Recently hand phone operators of the country have got licenses of 3G. This has been considered as a milestone for the information technology of our country. Because, the slow speed of internet creates many problems in using this. As a well-established organization, BASIS has to play a more vital role to spread the knowledge of IT among all people in all spheres of life of our country.

Agrani Bank Ltd. (SO)-2013

আমাদের জাতীয় জীবনের মহত্তম ঘটনা ১৯৭১ এর মুক্তিযুদ্ধ। দু'শ বছরের ঔপনিবেশিক ব্রিটিশ শাসনের পর ১৯৪৭ সালে বাঙালি জাতি আবার পাকিস্তানি শাসকদের শৃঙ্খলে আবদ্ধ হয়। ভাষা আন্দোলন থেকে ধাপে ধাপে মুক্তির পথ পেরিয়ে ১৯৭১ এ অর্জিত হয় চূড়ান্ত স্বাধীনতা। কিন্তু যে স্বপ্ন ও উদ্দেশ্য নিয়ে সমগ্র জাতি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল, তা কি আমরা অর্জন করতে পেরেছি? স্বাধীনতার পর অনেক বড় বড় অর্জনের পরও সমাজে বিদ্যমান তীব্র বৈষম্য আমাদের পীড়া দেয় ও বিবেককে দগ্ধ করে। মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রত করে বৈষম্যমুক্ত সমাজ প্রতিষ্ঠার জন্য আমাদের একযোগে লড়ে যেতে হবে- যে লড়াইয়ে যুবকদের হতে হবে কর্ণধার। একইসঙ্গে মুক্তিযুদ্ধের চেতনা সত্যিকার অর্থে প্রতিষ্ঠা করতে হলে প্রয়োজন দেশপ্রেমিক গণতান্ত্রিক শক্তির সংঘবদ্ধ ও রাষ্ট্রীয় ক্ষেত্রে আন্তরিক পদক্ষেপ।

অনুবাদঃ

The greatest incident of our national life is the liberation war of 1971. After colonial British rule of two hundred years, the Bengali nation is caught again in the chain of Pakistani rulers in 1947. Real independence was achieved after overcoming the path to freedom step by step since the language movement. Have we achieved the dream and goal for which whole nation jumped to freedom fight. Severe discrimination existing in our society makes us feel pain and a pang of conscience. Rousing the spirit of freedom fight we have to fight together for building discrimination free society- the fight in which the young have to be the leader. At the same time combined efforts of patriotic democratic power and sincere steps in the arena of state affairs are required to establish the spirit of freedom fight truly.

Primier Bank Ltd. [T]O(Cash)-2013

বিজ্ঞানের অন্যতম উদ্ভাবন ইন্টারনেট। আর ইন্টারনেট সারা পৃথিবীকে মানুষের হাতের মুঠোয় এনে দিয়েছে। এর মাধ্যমে যে কোন মুহুর্তে পৃথিবীর যে কারও সঙ্গে যোগাযোগ করা যাচ্ছে। ইন্টারনেটের অপব্যবহার না করে একে মেধাবিকাশ ও মানব কল্যাণে ব্যবহার করতে হবে। শহরের চেয়ে গ্রামের তরুণেরা তথ্যপ্রযুক্তি থেকে অনেক পিছিয়ে আছে। বিশ্বের সঙ্গে পরিচিত হতে হলে গ্রামগঞ্জেও ইন্টারনেট ছড়িয়ে দিতে হবে।

অনুবাদঃ

Internet is one of the inventions of science. Internet has brought the entire world within the hand reach of people. By this, e can communicate with one another across the globe any anyone moment. Internet must be used for grooming talent and human welfare instead of misusing it. The rural young are lagging much behind compared to urban young in information technology. To be well Stoversed in contemporary issues of the globe internet must be spread in remote villages too.

LearnEng with Shahan
Your English Planet
NCC Bank, MTO (December 2011)

মানুষ তার জীবনের এক-তৃতীয়াংশ সময় ঘুমিয়ে কাটায়। বিজ্ঞানীদের মতে স্বপ্ন ঘুমন্ত মানুষের একটি অপরিহার্য অংশ। ঘুমন্ত অবস্থায় মানুষের ইন্দ্রিয়গুলো সাময়িক স্তিমিত হয় ১ বটে কিন্তু নিষ্ক্রিয় হয় না। তাই ঘুমন্ত অবস্থায় নানারূপ কল্পনাশ্রয়ী চিন্তা ও দৃশ্যের আগমন ঘটে। এইসব দৃশ্য দেখাকে ‘স্বপ্ন দেখা’ বলা হয়।

অনুবাদঃ

Man spend one-third of his life in sleep. According to the The scientists, dream is an essential part of a sleeping man. Sense organs of men are at rest indeed for the time being while sleeping, but they do not become inactive. While we are asleep many imaginary thoughts and visions occur. All these scenes that we see are called 'Seeing dream'.

অথবা:

Human being spends one-third of time his/her life by sleeping. In scientist's opinion, dream is an inevitable part of sleeping human being. In sleeping condition the senses of human being become temporarily calm but not inactive. So, various imaginary thoughts and scenes arise in sleeping condition. Seeing these scenes is called 'dreaming'.

United Commercial Bank Ltd, February 2011

আধুনিক এই যুগে তথ্যপ্রযুক্তি বিজ্ঞানে নারীদের অংশগ্রহণ অত্যন্ত অপ্রতুল। নারীদের এই বিজ্ঞান-বিচ্ছিন্নতা কেবল অস্বাভাবিক নয়, বেমানানও বটে। বস্তুত: নারী-পুরুষের এ অসম অনুপাত বিজ্ঞানের ভবিষ্যৎকে অনিশ্চিত ও সংকটাপন্ন করে তুলতে পারে। বিভিন্ন গবেষণায় দেখা গেছে, বিজ্ঞানচর্চার বিভিন্ন পর্যায়ে নানা প্রতিকূলতার কারণেই নারীরা বিজ্ঞান বিমুখ হতে বাধ্য হচ্ছে। যে কারণে বিজ্ঞানের সুদীর্ঘ পথ পাড়ি দিতে তারা ব্যর্থ হচ্ছে।

অনুবাদঃ

The participation of women in science of IT is very insignificant in this modern era. Their isolation/disconnection from science is not only unnatural but also odd thing indeed. In fact, this unequal proportion or incidence in the role of IT between male and female can make/turn the future of science uncertain and critical. Various studies have showed that women are compelled to become reluctant to science due to different oppositions to the various spheres of practices of science. For that reason, they are becoming failure in passing over or crossing the incredibly long path of science.

অথবা:

In this modern age participation of women in the science of information technology is very scanty. This separation of women from science is not only abnormal but also unbecoming. In reality this unequal ratio of men and women can make the future of science uncertain and greatly endangered. It has been found in many studies that women are being forced to be averse to science because of various advertising in different phases of practice of science. That is why they are failing in passing over the very long course of science.

Social Islami Bank Ltd. Probationary Officer-2011

এখনকার প্রযুক্তিকেন্দ্রিক যোগাযোগের মাধ্যমগুলোর অসীম ক্ষমতা। এর মাধ্যমে যে কোনো মুহুর্তে পৃথিবীর যে কারও সঙ্গে যোগাযোগ করা যাচ্ছে। কিন্তু, যোগাযোগের এত সব সুবিধার সঙ্গে সঙ্গে বদলে গেছে আমাদের ব্যক্তিগত ও সামাজিক সম্পর্কের সংজ্ঞাগুলোও। নতুন সংজ্ঞা নিয়ে এখন আমাদের গড়ে ওঠা সম্পর্কগুলো যন্ত্রনির্ভর হয়ে পড়েছে। এমনকি শিল্প-সাহিত্যেও লেগেছে তার ছোঁয়া।

অনুবাদঃ

Power of technology-centered communication media of now is infinite. Anybody of the world can be communicated at any moment through them. But definitions of our personal and social relations have changed with all these advantages of communication. Now our developed relations with new definitions have become machine dependent. Even it has touched the art and literature too.

Shahjalal Islami Bank MTO, March-2010

নারীরা ক্ষুদ্র ঋণ নিয়ে কতখানি সফলতা পেয়েছেন, তা বলা খুব কঠিন। এটি মাপার তেমন কোনো মাপকাঠি নেই। সামাজিক নির্দেশক থাকা সত্ত্বেও এর কোনো পরিসংখ্যান বা বিজ্ঞানভিত্তিক গবেষণা নেই। তবে এটা বলা যেতে পারে, নারীদের সফলতা এসেছে ঘরে বাইরে। প্রত্যেক মানুষের আত্মবিকাশ ঘটে তখনই, যখন সে সিদ্ধান্ত নেয়ার সুযোগ পায়।

অনুবাদঃ

How much the women have benefited to receive micro credit is difficult to say. There is no any criterion to measure it. It has no Pany statistical or scientific research despite its being social indicators. But it can be said that the success of women has come at home and outside. Self-enrichment comes when a person man gets an opportunity to take decisions himself/herself.

অথবা:

It is very hard to say women are how much successful to receiving microcredit. There is no appropriate standard to measure it. In spite of having social determinant there is not any statistical or scientific research of it. But it can be said that, success of women has come at home and outside. When a person gets change to make decision, he can improve himself.

সোনালী ব্যাংক, সিনিয়র অফিসার-২০১০

স্বাধীনতার কয়েক দশক অতিবাহিত হলেও দেশ হিসেবে আমরা আজও আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারিনি। দেশের প্রতি যথাযথ নাগরিক-দায়িত্ব পালনে ঘাটতি, সামগ্রিক উন্নয়ন কাজের মধ্যে সমন্বয়হীনতা এবং সীমাহীন দুর্নীতিকেই মূল প্রতিবন্ধক রূপে উল্লেখ করা যায়। কারণ যাই হোক, সমাধান এ দেশের নাগরিকদেরই করতে হবে। আমাদের দেশের প্রতিটি নাগরিক, যে কর্মস্থলেই নিয়োজিত থাকুন না কেন, যদি তার উপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে সম্পন্ন করেন, শুধুমাত্র তাহলেই ব্যক্তি এবং দেশ উভয়ই লাভবান হবে। সত্যিকারের নাগরিক সুবিধা কেবল তখনই এদেশের নাগরিকরা ভোগ করতে শুরু করবে যা তাদের কর্মস্পৃহাকে আরও জাগিয়ে তুলবে। পরিণতিতে দেশ আরও এগিয়ে যাবে। স্বাধীনতা অর্জনের সত্যিকারের সার্থকতা তখনই প্রতিপন্ন হবে। তবে এই চক্রাকার উন্নয়ন যাত্রার কেন্দ্র হতে হবে দেশের নাগরিকদেরকেই অর্থাৎ তাদেরকেই এই উন্নয়ন চক্রের সূচনা করতে হবে। কারণ বিশ্ব দরবারে একটি দেশের পরিচিতি তার নাগরিকদের সামগ্রিক কর্মফলেরই সামষ্টিক রূপ।

অনুবাদঃ

We have not reached our desired destination even though we have passed many decades after liberation. Lack of proper execution of responsibilities as a citizen, lack of co-ordination in total development work and uncurbed corruption are the domain impediments. Whatever the reasons are, solutions have to be done by the citizens of this country. If every citizen of this country does his job honestly and sincerely wherever she/he works, individuals together with country will be benefited. Citizens of this country will enjoy real civil privileges then which will inspire their work spirit. As a result, country will move further. Real accomplishment of achieving liberty will then be established. However, the citizens of the country will have to be the centre of this cyclical development program that is they will have to begin this development cycle. Because the identity of a country in the world community is cumulative workings of the citizens of that country.

Social Islami Bank Ltd. Trainee Officer-2010

বাজারে পণ্যের দাম বাড়ার কতগুলো সাধারণ অর্থনৈতিক নিয়ম রয়েছে। কিন্তু আমাদের দেশে প্রায়ই নিয়মের বাইরেও অনেক পণ্যের দাম অস্বাভাবিকভাবে বেড়ে যায়। এর অন্যতম প্রধান কারণ হতে পারে বাজারে পণ্য সরবরাহে কৃত্রিম ঘাটতি সৃষ্টি করা। যদি কোনো কারণে পণ্য সরবরাহে এরূপ কৃত্রিম ঘাটতি সৃষ্টি করা হয় তাহলে তা মোকাবেলার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা অবশ্য কর্তব্য। বাজার নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে আইনগত কোনো সীমাবদ্ধতা থাকলে তা সমাধান করাও একান্ত প্রয়োজন।

অনুবাদঃ

There are some common economic rules for rising price of commodities in the market. But in our country price of many commodities increases abnormally out of any rules. One of the main reasons can be the creation of artificial shortage in the supply of goods in the market. Effective measures must be taken to combat fake deficiency if arise in the product supply. It is also necessary to solve legal limitations, if exists, to control market mechanism.

LearnEng with Shahan
Trust Bank Ltd-2009
Your English Planet

স্বাধীনতা দিবস ও বিজয় দিবস যেন এক সূত্রের দুই দিন। এই সূত্রের সেতুবন্ধন হল স্বাধীনতার চেতনা। ১৯৭১ সালের ১০-ই এপ্রিল স্বাধীনতার ঘোষণাপত্রে স্বাধীনতার চেতনা ও বিজয়ের বীজ বপন করা হয়েছিল। ১৯৭১ সালের ১০ই এপ্রিলের স্বাধীনতার ঘোষণাপত্র মূলত স্বাধীন রাষ্ট্র গঠনের ধারাবাহিক সাংবিধানিক ধাপ। স্বাধীন রাষ্ট্রের ঘোষণার্থে সেদিন নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক সদস্যের সমন্বয়ে গঠন করা হয়েছিল স্বাধীন রাষ্ট্র। আজকের এই স্বাধীন বাংলাদেশ সেই দিনের-ই ফল।

অনুবাদঃ

Independence Day and Victory Day are as two days of a tie. The inspiration of independence is the bridge of this tie. The seed of victory as well as the inspiration of independence was sown in the declaration letter of independence on the 10th April of 1971. The declaration letter on the 10th April of 1971 was the gradual constitutional step of the establishment of the independent country. An independent country was formed by the combination elected national and state assembly members on that day for the declaration of a free country. Today's independent Bangladesh is the outcome of that day.

পূবালী ব্যাংক, জুনিয়র অফিসার (ক্যাশ)-২০০৯

বাংলাদেশের আমদানি ও রফতানির মধ্যে ভারসাম্যহীনতা সর্বজনবিদিত। অপ্রচলিত পণ্যের উৎপাদন বৃদ্ধিতেও আছে সীমাবদ্ধতা। যেমন খৈ রফতানির জন্য প্রয়োজন ধান। অথচ চাহিদা মিটাতে চাল আমাদেরকে আমদানি করতে হয়। এরূপ পরিস্থিতিতে অপ্রচলিত পণ্য রফতানির ক্ষেত্রে সর্বাগ্রে অগ্রাধিকার নির্ধারণ করা প্রয়োজন। চীন, কোরিয়া ও থাইল্যান্ডের ন্যায় অনেক দেশ এ ধরনের পণ্য রফতানি করে বিশেষভাবে লাভবান হচ্ছে। এক্ষেত্রে যেসব পণ্যকে আমরা অবহেলা করে থাকি, অথচ বিদেশে তার সমাদর রয়েছে এমন পণ্যের প্রতি অধিক গুরুত্ব দিতে হবে।

অনুবাদঃ

Imbalance between import and export of Bangladesh is well known to all. There is limitation for increasing the production of obsolete product. For instance, paddy is required for the export of toasted paddy. But we have to import rice to meet demand. In this situation, export of obsolete product should get priority first. Many countries like China, Korea and Thailand are being benefited by exporting this kind of product. In this regard we have to give more importance on the products which we neglect but have demand in the international market.

ট্রাস্ট ব্যাংক লি.-২০০৮

বাংলাদেশি পণ্যের নতুন রপ্তানি বাজার সৃষ্টি হচ্ছে না। দেশের মোট রপ্তানি গুটিকতক বাজারের মধ্যে কেন্দ্রীভূত আছে। বাণিজ্য মন্ত্রণালয় প্রতিবছর বিভিন্ন দেশে শুধুমাত্র বাণিজ্য মেলায় আয়োজন করেই দায়িত্ব শেষ করে। ঘরের কাছে মালদ্বীপে বাংলাদেশি পণ্যের বিপুল সম্ভাবনা রয়েছে কিন্তু সেই বাজার ধরার ব্যাপারেও তেমন কোনো উদ্যোগ দেখা যাচ্ছে না। ফলে দেশের রপ্তানির প্রসার ঘটছে না যার নেতিবাচক প্রভাব পড়ছে বৈদেশিক মুদ্রার উপর।

অনুবাদঃ

New markets for Bangladeshi products are not being created. The total export of the country is centralized within a small number of markets. Arranging only trade fair in different countries every year the commerce ministry ends its responsibility. There is a huge prospect of our products in our neighboring country Maldives, but no initiative is taken to catch that market. Consequently, exports of our country are not extending whose negative impact falls to foreign currency.

Bangladesh Commerce Bank Limited, Junior Officer 2008

সারাদেশেই ভূগর্ভস্থ পানির স্তর ক্রমশ নিচে নেমে যাচ্ছে। এ অবস্থা থেকে রক্ষা পেতে হলে এখনই একটি মহাপরিকল্পনা নিয়ে কাজ শুরু করা উচিত। নলকূপের ওপর নির্ভরতা ক্রমশ কমিয়ে আনতে হবে এবং নদীনালা ও জলাশয়ের পানির ব্যবহার বাড়ানোর উদ্যোগ নিতে হবে। এজন্য নদীদূষণ এবং নদী ও জলাধার ভরাট কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে। পাশাপাশি খননের মাধ্যমে নদীগুলোর পানিধারণ ক্ষমতা বাড়াতে হবে। একইভাবে দেশব্যাপী পরিকল্পিত সেচব্যবস্থা গড়ে তুলতে হবে। অন্যথায় যে বিপর্যয় নেমে আসবে, তা থেকে উদ্ধার পাওয়া কঠিন হবে।

অনুবাদঃ

The level of underground water is dropping down gradually across the country. In order to escape this situation, we need to start working with a master plan. Dependency on tube-well water has to be decreased gradually and measure to increase use of water of river & natural reservoir has to be taken. For this, river pollution & river & canal filling up must be strictly checked. Besides, water reserve capacity of the rivers must be increased by dredging. Similarly, planned irrigation system must be established countrywide. LA Otherwise, it will be hard to get rid of disaster that may take place.



LearnEng with Shahan
Your English Planet